দৈনিক সংবাদ

তারিখ ... 18 MAY 1997
পৃষ্ঠা 6 কলাম 9

# চট্টগ্রাম ভার্সিটিতে বিরাজমান অচলাবস্থা নিরসনের উদ্যোগ

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার, (১৭ মে) ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিরাজমান অচলাবস্থা নিরসনকল্পে ছাত্র সংগঠনগুলোর মধ্যে সমঝোতার প্রতিষ্ঠার জন্য গঠিত কমিটি গতরাতে শিবির নেতৃবৃন্দের সাথে এক বৈঠকে মিলিত হন। ক্যাম্পাসসহ ভিসির বাংলোয় অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি প্রফেসর মঈনুল ইসলাম । কমিটির সদস্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, প্রফেসর ইমাম আলি ও প্রক্টর খান তৌহিদ ওসমান উপস্থিত ছিলেন। শিবির নেতৃবৃন্দের মধ্যে ছিলেন সভাপতি পিএম রহিমুল্লাহ, সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, সাংগঠনিক সম্পাদক নাসির উল্লাহ, আলাওল হক, সভাপতি আবদুল হান্নান ও শাহজালাল হল সভাপতি মুজিবুর রহমান মঞ্জু। রাত ৯টা থেকে প্রায় ৪ ঘন্টা স্থায়ী এই রুদ্ধদ্বার বৈঠকে গত ৫ মে থেকে সৃষ্ট অচলাবস্থা ও সার্বিক পরিস্থিতি খোলামেলা আলোচনা হয়। সংশ্লিষ্ট সূত্র জানায়, আলোচনা ফলপ্রসূ হওয়ায় কমিটির অনুরোধে শিবির তাদের ধর্মঘট কর্মসূচী প্রত্যাহার করেছে। এ ছাড়া পরিস্থিতি স্বাভাবিক করার লক্ষ্যে কমিটি শিবির নেতৃবৃন্দের আন্তরিক সহযোগিতা কামনা করেন। আজ (শনিবার) রাতে ছাত্রলীগ নেতৃবৃন্দের সাথে বৈঠক হওয়ার কথা। সংশ্লিষ্ট সূত্র জানায়, ছাত্রলীগ নেতৃবৃন্দের সাথে আলোচনা ফলপ্রসূ হলে পর্যায়ক্রমে অন্য সংগঠনগুলোর সাথেও আলোচনা সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে কর্তৃপক্ষ একটি নীতিমালা প্রণয়ন করবেন। এদিকে ছাত্রলীগের লাগাতার অবরোধের দ্বাদশ দিবসে ভার্সিটিতে কোন কাজকর্ম হয়নি। অফিসসমূহ খোলেনি। কোন যানবাহন চলেনি। নিরীহ ছাত্রছাত্রীরা ক্যাম্পাস ছেড়ে চলে গেছে। ১২ দিন যাবত অচল ক্যাম্পাস এক প্রকার ভুতুরে পুরীতে পরিণত হয়েছে।

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আরো কয়েকটি বিষয়ের পরীক্ষা স্থগিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার, ১৭ মে ঃ আগামী ২০ মে অনুষ্ঠিতব্য চট্টগ্রাম ভার্সিটির ১৯৯৫ সালের ২য় বর্ষ ইংরেজী অনার্স ৮ম পত্রের পরীক্ষা স্থগিত করা হয়েছে। একই দিনে অনুষ্ঠেয় পরিসংখ্যান বিভাগের ২য় বর্ষ অনার্স ১০২ নং কোর্সের পরীক্ষা এবং ২৪ মে অনুষ্ঠেয় পরিসংখ্যান বিভাগের ১৯৯৪ সালের এমএসসি শেষ পর্বের পরীক্ষা স্থগিত করা হয়েছে।